

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৬১৪
কমলপুর, ৯ নভেম্বর, ২০২৩

১৭ নভেম্বর দুর্গাচৌমুহনী ব্লকভিত্তিক যুব উৎসব

আগামী ১৭ নভেম্বর দুর্গাচৌমুহনী ব্লকভিত্তিক এবং ১৮ নভেম্বর সালেমা ব্লকভিত্তিক যুব উৎসব আয়োজিত হবে। এই উপলক্ষে আজ দুর্গাচৌমুহনী ব্লক কনফারেন্স হলে বিএসি চেয়ারম্যান দেবপ্রসাদ দেববর্মার সভাপতিত্বে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। একই বিষয়ে গতকাল পঞ্চায়েতের হলঘরে যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় সিদ্ধান্ত হয় ১৭ নভেম্বর মানিকভান্ডারস্থিত মৈত্রী কমিউনিটি হলে দুর্গাচৌমুহনী ব্লকভিত্তিক যুব উৎসব অনুষ্ঠিত হবে। সালেমা ব্লকভিত্তিক যুব উৎসব অনুষ্ঠিত হবে সালেমা বাজারস্থিত কমিউনিটি হলে। যুব উৎসবে সমবেত লোকসংগীত, সমবেত লোকনৃত্য, আবৃত্তি এবং কাবাডি প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।
